



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রকিউরমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ০২-২২২৩৩৮৩৫৩৫
০২-২২২৩৩৫৭৮৮২
Email : dgmcsd@krishibank.org.bd
Web : www.krishibank.gov.bd

স্মারক নং প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬(খ-বোনাস)/২০২৫-২০২৬/৯২৬

তারিখ: ০৯-০৩-২০২৬ খ্রি.

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় সমূহ/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়,
উপমহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ,
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়,
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংকে নিয়োজিত বেসরকারি নিরাপত্তা প্রহরীদের আসন্ন ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষে মানবিক বিবেচনায় আর্থিক
সহায়তা বাবদ ০১ (এক) টি উৎসব বোনাস প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়সহ ০৯ (নয়) টি বিভাগের সকল শাখা/কার্যালয়/উপশাখা/এটিএম বুথের সার্বক্ষণিক নিরাপত্তার কাজে নিয়োজিত বেসরকারি নিরাপত্তা প্রহরীদেরকে বেতন/মজুরির অতিরিক্ত বিবেচনায় বিশেষ আর্থিক সহায়তা হিসেবে নিরাপত্তা সুপারভাইজারদের মাসিক মূল মজুরির ৪০% এবং নিরাপত্তা প্রহরীদের মাসিক মূল মজুরির ৫০% হারে ২ (দুই) টি উৎসব ভাতা প্রদানের বিষয়টি ০২-০৬-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদ এর ৮৭৮ তম সভায় সদয় অনুমোদিত হয়। সে মোতাবেক ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আসন্ন ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষে ব্যাংকে নিয়োজিত নিরাপত্তা সুপারভাইজারদের মাসিক মূল মজুরির ৪০% এবং নিরাপত্তা প্রহরীদের মাসিক মূল মজুরির ৫০% হারে ১ (এক) টি উৎসব বোনাস প্রদানের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন যা সকল ধর্মাবলম্বীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

শর্তাবলি:

- ১) বেসরকারি নিরাপত্তা প্রহরী যাদের চাকরিকাল কমপক্ষে ৩ মাস পূর্ণ হয়েছে শুধু মাত্র তাদেরকেই বিশেষ আর্থিক সহায়তা বাবদ নিরাপত্তা সুপারভাইজারদের মাসিক মূল মজুরির ৪০% এবং নিরাপত্তা প্রহরীদের মাসিক মূল মজুরির ৫০% হারে ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষে ১ (এক) টি উৎসব বোনাস প্রদেয় হবে।
- ২) টেন্ডারের মাধ্যমে কার্যাদেশ প্রাপ্ত বেসরকারি নিরাপত্তা প্রহরী সরবরাহকারী ভেভর প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ/চুক্তি সম্পূর্ণসারণ/নবায়ন পর্যন্ত উক্ত সুবিধাদি প্রদেয় হবে। পরবর্তীতে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হলে কার্যাদেশ প্রাপ্ত ভেভর প্রতিষ্ঠানের সরবরাহকৃত নিরাপত্তা প্রহরীদের ক্ষেত্রেও উক্ত সুবিধাদি বলবৎ থাকবে, তবে নতুনভাবে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের চাকরিকাল কমপক্ষে ৩ (তিন) মাস পূর্ণ হতে হবে।
- ৩) শুধুমাত্র শাখা/কার্যালয়/উপশাখা/এটিএম বুথে প্রকৃত কর্মরত (অনুমোদিত পদ সংখ্যার ভিত্তিতে নয়) নিরাপত্তা প্রহরীদের বোনাস প্রদেয় হবে।
- ৪) প্রতিবার বোনাস প্রদানের ক্ষেত্রে ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদনপূর্বক অত্র বিভাগ হতে পত্র প্রাপ্তির পর বোনাস প্রদেয় হবে।
- ৫) মানবিক বিবেচনায় প্রদানকৃত বিশেষ আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে ভেভর প্রতিষ্ঠান কোন প্রকার সার্ভিস চার্জ প্রাপ্য হবে না। উক্ত বিশেষ আর্থিক সহায়তা সরাসরি নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের অত্র ব্যাংকে পরিচালিত সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।
- ৬) বিশেষ আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে ভেভর প্রতিষ্ঠানের সুবিধা নেয়ার কোন সুযোগ থাকবে না।
- ৭) বিশেষ আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে ১.৫% ভ্যাট ও ২% ট্যাক্স ব্যাংকের সংশ্লিষ্ট শাখা/কার্যালয় কর্তৃক পরিশোধপূর্বক সরকারি কোষাগারে জমার ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লেখ্য ভ্যাট, ট্যাক্স পরিশোধের ক্ষেত্রে সময়ে সময়ে জারিকৃত পরিপত্র অনুসরণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত এবং ব্যাংক ব্যবস্থাপনার অনুমোদনের প্রেক্ষিতে অত্র ব্যাংকের প্রধান কার্যালয়সহ ০৯ (নয়) টি বিভাগের সকল শাখা/কার্যালয়/উপশাখা/এটিএম বুথের সার্বক্ষণিক নিরাপত্তার কাজে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের আসন্ন ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষে (নিরাপত্তা সুপারভাইজারদের মাসিক মূল মজুরির ৪০% এবং নিরাপত্তা প্রহরীদের মাসিক মূল মজুরির ৫০% হারে) উৎসব বোনাস প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মো: শাহ আলম)
উপমহাব্যবস্থাপক

স্মারক নং- প্রকা/প্রকিউর-১০(৫)/অংশ-০৬(খ-বোনাস)/২০২৫-২০২৬/৯২৬(১২৫০)

তারিখ: ০৯-০৩-২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ ও ২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক/সিইও, পিমা/জেএসএস সার্ভিসেস লি।
- ০৭। অফিস কপি।

(মো: মোহাম্মদ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক